গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর) প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৭৮-আইন/২০২৪/৩০/কান্টমস।— সরকার, কান্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিল ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE-এ উল্লিখিত পণ্যসমূহ আমদানির ক্ষেত্রে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত সমুদয় কাস্টমস শুল্ক (Customs Duty), মূল্য সংযোজন কর, আগাম কর এবং অগ্রিম আয়কর হইতে, নিম্নবর্ণিত শর্তে, অব্যাহতি প্রদান করিল, যথা-

TABLE

| Heading | H.S Code | Description |
|---------|------------|------------------------------|
| (1) | (2) | (3) |
| 30.02 | 3002.90.00 | Dengue Test kits |
| 38.22 | 3822.00.00 | Dengue reagent |
| 90.18 | 9018.90.90 | Kits for platelet and plasma |

<u>শৰ্তাবলি</u>

- (ক) ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত পরিমাণ পণ্যসমূহ আমদানিতে এই সুবিধা কার্যকর হইবে; এবং
- (খ) আমদানিকৃত পণ্যসমূহ মানসম্মত কিনা উহা ঔষধ প্রশাসন অধিদপ্তর নিয়মিত মনিটরিং করিবে।
- ২। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব।